## ২০০০-২০০১ সালে এমপিওভুক্তির জন্য নির্বাচিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যানবেইস কর্তৃক এমপিও প্রণয়ন সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশিকা

১। জেলা শিক্ষা অফিসারের অগ্রণীকরণসহ কাগজপত্র জমা দিতে হবে।

২। প্রতিষ্ঠানের স্বীকৃতিপত্র জমা দিতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কমিটির সত্যায়িত কপি জমা দিতে হবে।

৪। এমপিওভুক্তি সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের জি.ও জমা দিতে হবে।

৫। ১৫০ টাকার ননজুডিসিয়াল স্ট্যাম্পে প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির চেয়ারম্যান ও প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত অঙ্গীকারানামার মূল কপি জমা দিতে হবে (অঙ্গীকারনামার নমুনা নিম্নে দ্রষ্টব্য)।

৬। ব্যানবেইস নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক কর্মচারিদের পূরণকৃত জরিপ ফরমে জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষর থাকতে হবে।

৭। প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীদের বিবরণী ব্যাংক একাউন্ট নম্বরসহ প্রতিষ্ঠান প্রধান, গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটির সভাপতি ও জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষরসহ জমা দিতে হবে।

৮। স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে স্কুল শাখার শিক্ষক-কর্মচারীদের এমপিও প্রিন্ট ও পূর্ণ বিবরণী জমা দিতে হবে।

৯। শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও প্রণয়নের ক্ষেত্রে সরকারের বিদ্যমান নির্ধারিত নীতিমালা ও প্যাটার্ণ অনুসরণ করতে হবে।

১০। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তি পূর্ণ পৃষ্ঠাব্যাপী সত্যায়িত কপি জমা দিতে হবে।

১১। শিক্ষক-কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে টেবুলেশন সীটে বাছাই কমিটির সুপারিশসহ কমিটির সদস্যগণের সীল মোহরসহ স্বাক্ষর থাকতে হবে।

১২। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বাছাই কমিটিতে বিধিমোতবেক সরকারি প্রতিনিধি সংক্রান্ত সত্যায়িত কাগজপত্র জমা দিতে হবে।

১৩। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বাছাই কমিটির সুপারিশ ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভায় অনুমোদনের রেজুলেশন জমা দিতে হবে।

১৪। বিএসসি (অংক)/বায়োলজি/কৃষি শিক্ষক ও প্রদর্শক নিয়োগের ক্ষেত্রে স্নাতক পর্যায়ের পাশের নম্বরপত্র জমা দিতে হবে। উল্লেখ্য যে, উক্ত প্রতিষ্ঠানে অন্য কোন বিএসসি শিক্ষক কর্মরত (এমপিওভুক্ত) থাকলে তারও ডিগ্রি পর্যায়ের নম্বর পত্র জমা দিতে হবে।

১৫। কৃষি শিক্ষক এমপিওভুক্তির ক্ষেত্রে কৃষি শাখায় অধ্যয়নরত ছাত্র-ছাত্রী সম্পর্কে জেলা শিক্ষা অফিসার কর্তৃক পরিদর্শন প্রতিবেদন/বোর্ড কর্তৃক কৃষি বিষয় খোলার অনুমতিপত্র জমা দিতে হবে।

১৬। কম্পিউটার শিক্ষক এমপিওভুক্তির ক্ষেত্রে নির্ধারিত শিক্ষাবোর্ড কর্তৃক কম্পিউটার বিষয়ের অনুমোদনপত্রসহ নট্রামস বা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণের সনদপত্র জমা দিতে হবে।

১৭। শিক্ষক/কর্মচারিদের এমপিওভুক্তির ক্ষেত্রে সকল কাগজপত্র (নিয়োগ বিজ্ঞপ্তি/রেজুলেশন/শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে। উল্লেখ্য যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

### অঙ্গীকার পত্র (নমুনা)

নং- শাঃ৪/১জি-৭/২০০০/২৩২-শিক্ষা

তারিখ ঃ ১৪-০২-১৪০৮ বঙ্গাব্দ
২৮-০৫-২০০১ খৃস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরী শিক্ষা অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত তালিকায় উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানকে এবং সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারকে আগামী ১০/০৬/২০০১ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৪। মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।

৫। জেলা প্রশাসক ............................................................................ (সকল)

৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

৭। সহকারী সচিব (বাজেট), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৮। জেলা শিক্ষা অফিসার ............................................................(সকল)
তাঁর জেলাধীন সংযুক্ত তালিকায় বর্ণিত প্রতিষ্ঠানসমূহকে জরুরীভিত্তিতে স্ব-উদ্যোগে অবহিত করে সংযুক্ত নির্দেশিকা অনুযায়ী কাগজপত্র পরিচালক, ব্যানবেইস বরাবর বিশেষ বাহক মারফত ১০/০৬/২০০১ এর মধ্যে পৌছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৯। অধ্যক্ষ/অধ্যক্ষা, প্রধান শিক্ষক/শিক্ষিকা/সুপার [illegible handwriting] ........................................................................



এ বিষয়ে 'ঙ' নং শর্তে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ নং সোনারগাঁও রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫ এর বরাবরে বিশেষ বাহক মারফত ১০/০৬/২০০১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১০। সংরক্ষণ নথি।

২৮/৫/২০০১

( খ,ম, কবিরুল ইসলাম )
সিনিয়র সহকারী সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

শিক্ষা মন্ত্রণালয়

নং- শাঃ৪/১জি-৭/২০০০/২৩২-শিক্ষা

তারিখ ঃ ১৪-০২-১৪০৮ বঙ্গাব্দ
২৮-০৫-২০০১ খৃস্টাব্দ

প্রেরক ঃ খ,ম, কবিরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব (অনুদান)

প্রাপক ঃ পরিচালক
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫।

বিষয় ঃ **২০০০-২০০১ অর্থ বছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশে প্রদান প্রসংগে।**

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, এতদ্‌সংগে সংযুক্ত তালিকায় বর্ণিত নিম্নমাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট-'ক'), মাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট-'খ'), কলেজ (পরিশিষ্ট-'গ') এবং মাদ্‌রাসাসমূহের (পরিশিষ্ট-'ঘ') স্টাফিং প্যাটার্ণ মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করেছে ঃ

**শর্তাবলী ঃ**

(ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক-কর্মচারীদের স্ব স্ব নামে ব্যাংকে হিসাব খুলতে হবে।

(খ) প্রচলিত স্টাফিং প্যাটার্ণ এর শর্ত পূরণ করতে হবে। কোন পদ শূন্য হলে/থাকলে অথবা নতুন নিয়োগের স্থলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। এই অবস্থা মোট পদের ৩০% পূরণ না হওয়া পর্যন্ত চলতে থাকবে।

(গ) ২০০০-২০০১ অর্থ বছরে এমপিওভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে পরীক্ষামূলক ভিত্তিতে ১ (এক) বছরের জন্য এমপিওভুক্ত করা হবে।

(ঘ) ২৪শে অক্টোবর'৯৫তে জারীকৃত (পরবর্তীতে সংশোধিত যদি হয়ে থাকে) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। কোন প্রতিষ্ঠান এই শর্ত পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে এমপিওভুক্তি বাতিল করা হবে।

(ঙ) ২০০০-২০০১ অর্থ বছরে এমপিওভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীদের এমপিও প্রণয়নের জন্য সংযুক্ত নির্দেশিকা (সংযুক্তি-১) অনুযায়ী কাগজপত্রের মূল কপি ব্যানবেইসে ১০/০৬/২০০১ তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। অন্যথায় এমপিওভুক্তির প্রদত্ত আদেশ বাতিল বলে গণ্য হবে।

২। সময়াভাবে সব প্রতিষ্ঠানের স্বীকৃতি পরীক্ষা করা সম্ভব হয়নি বিধায় স্বীকৃতি না থাকলে এমপিওভুক্ত হয়েছে বলে গণ্য হবে না।

৩। ২০০০-২০০১ অর্থ বছরে এমপিওভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এমপিওভুক্তির জন্য সরকারি আদেশ ০১/০৪/২০০১ থেকে কার্যকর হবে।

৪। উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ব্যয় ২০০০-২০০১ অর্থ বছরের ০০১৩-৫৯৩১ বেসরকারি শিক্ষকদের বেতন সহায়তা খাত থেকে মিটানো হবে।

( খ,ম, কবিরুল ইসলাম )
সিনিয়র সহকারী সচিব

ঃ ক্রমশঃ

পরিশিষ্ট-ক

নিম্নমাধ্যমিক ঃ

| | | | |
|---|---|---|---|
| ১০৪. | ফরিদপুর | মধুখালী | শ্রীপুর নিঃ মাঃ বিদ্যালয় |
| ১০৫. | ফরিদপুর | মধুখালী | বামুনদি বালিয়াকান্দি নিঃ মাঃ বিদ্যালয় |
| ১০৬. | ফরিদপুর | মধুখালী | পাচাই নিঃ মাঃ বিদ্যালয় |
| ১০৭. | ফরিদপুর | সদরপুর | ভাসানচর নিঃ মাঃ বিদ্যালয় |
| ১০৮. | | ভাংগা | গদাধরদী নিঃ মাঃ বিদ্যালয় |
| ১০৯. | | বোয়ালমারী | মধূর্বর্ণি নিঃ মাঃ বিদ্যালয় |